

সোলারিস: ফ্ল্যাট কেনার ফর্ম মিলছে

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: 'সোলারিস সিটি শ্রীরামপুর' এবং 'সোলারিস জোকা'—এই দুই আবাসন প্রকল্পের অবশ্টিত ফ্ল্যাটগুলি কেনার জন্য ফর্ম পাওয়া যাচ্ছে ইডেন রিয়েলটির অফিস, প্রজেক্ট সাইট অফিস, স্টেট ব্যাঙ্ক, এলাহাবাদ ব্যাঙ্ক এবং অ্যাক্সিস ব্যাঙ্কের নির্বাচিত শাখাগুলিতে। ই-লটারির মাধ্যমে ফ্ল্যাট বণ্টন হবে। ইডেন রিয়েলটির ম্যানেজিং ডিরেক্টর আর্য সুমন্ত এই কথা জানিয়েছেন। সংস্থার এই দু'টি প্রকল্পে পাঁচ লক্ষ টাকা থেকে শুরু হচ্ছে ফ্ল্যাটের দাম। নিম্নবিত্ত ও মধ্যবিত্ত মানুষদের সাধ্যের মধ্যে সাধপূরণের এমন সুযোগ খুব কমই পাওয়া যায় বলে সংস্থার দাবি। তারা জানিয়েছে, পরিবেশ সচেতনতায় উল্লেখযোগ্য দৃষ্টান্ত রেখে শ্রীরামপুরের আবাসন প্রকল্পে বসানো হয়েছে ১.৫ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন সৌরবিদ্যুৎ প্যানেল। যা যে কোনও আবাসনের ক্ষেত্রে এশিয়ার বৃহত্তম বলে তাদের দাবি। দূরগমুক্ত সৌরবিদ্যুৎ ব্যবহার করার ফলে বর্তমান বাজারের অন্য আবাসনগুলির তুলনায় এই দু'টি প্রকল্পের রক্ষণাবেক্ষণ খরচ ৫০ শতাংশেরও বেশি সাধ্য হবে বলে জানিয়েছে তারা। উন্নত যোগাযোগের সুব্যবস্থা রয়েছে দু'টি জায়গা থেকেই। সোলারিস জোকা ডায়মন্ডহারবার রোডের উপর অবস্থিত এবং জোকা মেট্রো স্টেশন থেকে মাত্র ১০ মিনিটের দূরত্ব। আর শ্রীরামপুরের প্রকল্পটি রিষড়া স্টেশন থেকে চার মিনিট এবং শ্রীরামপুর স্টেশন থেকে আট মিনিটের রাস্তা। ৪০ মিনিটে পৌঁছনো যাবে কলকাতার অফিসপাড়ায়। এছাড়াও দু'টি প্রকল্প এমনভাবে তৈরি যে, প্রচুর আলো-হাওয়া, সুইমিং পুল, মাল্টিজিম, গেমসরুম, জগিং ট্র্যাক সহ নানা সুযোগ-সুবিধা থাকছে।